## তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ

### কৃষি মন্ত্রণালয় সম্পর্কে

www.moa.gov.bd

কৃষি মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়। এটি বাংলাদেশ সচিবালয়ের ৪ নম্বর ভবনের ৫ম ও ৬ষ্ঠ তলায় অবস্থিত। এ মন্ত্রণালয় ৯টি উইংয়ের সমন্বয়ে গঠিত যা নীতি নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন, তদারকী ও প্রশাসনিক ব্যবস্থাপনার দায়িত্বসমূহ সম্পাদন করে থাকে। সরকারের কৃষি সম্পর্কিত বিভিন্ন নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের জন্য অধিদপ্তর/দপ্তর/সংস্থা রয়েছে।

**মন্ত্রণালয়ের দায়িত্বাবলী**

- খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা অর্জনের ও টেকসই কৃষি উন্নয়নের জন্য কৃষি নীতি প্রণয়ন, পরিকল্পনা গ্রহণ, আইন ও বিধিমালা প্রণয়ন।
- কৃষি উৎপাদন বৃদ্ধি ও কৃষি বিপণন নিশ্চিত করার লক্ষ্যে আন্তর্জাতিক সংস্থার সমন্বয় সাধনের জন্য নতুন কৃষি উন্নয়নে সহায়তা প্রদান।
- কৃষি নীতি, পরিকল্পনা, প্রজেক্ট ও নীতিমালার বাস্তবায়ন তদারকী।
- কৃষি উপকরণ ও ভর্তুকি বিতরণ, স্থানীয় এবং আন্তর্জাতিক বাজারে কৃষি পণ্য বিপণনের তদারকী।
- কৃষি মন্ত্রণালয়ের দপ্তর সংস্থার উন্নয়ন কর্মসূচি ও প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নে প্রশাসনিক ও নীতিগত সহায়তা প্রদান এবং অর্থায়ন ও কারিগরি সহায়তার জন্য উন্নয়ন সহযোগী ও দাতা সংস্থার সাথে সমন্বয় সাধন করা।

**প্রশাসন অনুবিভাগ**

**ওয়াহিদা আক্তার**
অতিরিক্ত সচিব
টেলিফোন : ৯৫৪০০১৫ (অফিস)
মোবাইল : ০১৮৪১২৬৪২৯১
ফ্যাক্স : ৭১৬৩৭৯৯
ই-মেইল : addlsecyai@moa.gov.bd

কৃষি মন্ত্রণালয়ের প্রশাসনের দায়িত্ব পালন করে প্রশাসন ও উপকরণ উইং। মন্ত্রণালয় এবং এর দপ্তর সংস্থার মানব সম্পদ উন্নয়ন এবং রেভিনিউ বাজেট ব্যবস্থাপনা প্রশাসন ও উপকরণ উইংয়ের মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। এ উইংয়ের মাধ্যমে ব্যয় বা উন্নয়ন বাজেট সহায়তা গ্রহণ সরকারের সাথে যোগাযোগ করে। এ উইংয়ের মাধ্যমে ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট রিফর্ম কর্মসূচি ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ইউনিটের কাজের সমন্বয় করে যা উন্নয়ন কর্মসূচির বাজেট ও অর্থ ব্যবস্থাপনা সম্পর্কিত।

**সার ব্যবস্থাপনা ও উপকরণ**

বলাই কৃষ্ণ হাজরা
অতিরিক্ত সচিব
টেলিফোন : ৯৫৪০৩৫১ (অফিস)
মোবাইল : ০১৭৫৩৫০৪৪৪৪
ফ্যাক্স : ৭১৬৩৭৯৯
ই-মেইল : addlsecinfmm@moa.gov.bd

সার ব্যবস্থাপনা ও উপকরণ উইং হতে প্রধানত কৃষি উপকরণ (সার, বালাইনাশক ইত্যাদি) ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালিত হয়। তাছাড়া বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এবং বরেন্দ্র বহুমুখী কর্তৃপক্ষের প্রশাসনিক কার্যক্রম এ উইং-এর আওতাভুক্ত। প্রতি অর্থ বছরের ইউরিয়া এবং নন-ইউরিয়া সারের চাহিদা নিরূপন এবং প্রয়োজন মোতাবেক আমদানি, নন-ইউরিয়া সারের উপর ভর্তুকি প্রদান, কৃষি উপকরণ সংশ্লিষ্ট আইন, বিধি প্রণয়ন ও সংশোধনী এবং এ সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির সাচিবিক দায়িত্ব এ উইং-এর আওতাধীন। কৃষি উপকরণ প্রস্তুতকারী বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের কাঁচামাল আমদানির প্রত্যয়নপত্র এ উইং হতে ইস্যু করা হয়ে থাকে।

**পিপিসি উইং**

**মোঃ রুহুল আমিন তালুকদার**
অতিরিক্ত সচিব
টেলিফোন : ৯৫৪৯৬৫৮ (অফিস)
মোবাইল : ০১৭১০৯৯৭৯৬০
ফ্যাক্স: ৯৫৪০৬৮০
ই-মেইল- addlsecyppc@moa.gov.bd

এই উইং দাতা সংস্থা এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থাসমূহের মধ্যে নীতি পরীবিক্ষণ এবং সমন্বয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে থাকে। এই উইংটিতে দুইটি শাখা রয়েছে: (১) বৈদেশিক সহায়তা এবং (২) নীতি পরিকল্পনা। আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম আয়োজন করা, দাতা এবং আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সভার আয়োজন এবং বিভিন্ন আন্তর্জাতিক দিবস উদযাপন যেমন; বিশ্ব খাদ্য দিবস, আন্তর্জাতিক ধান দিবস আয়োজন করা ইত্যাদি বৈদেশিক সহায়তা শাখার কাজ। নীতি পরিকল্পনা শাখার কাজ হচ্ছে কৃষি সংক্রান্ত বিভিন্ন নীতি প্রণয়ন এবং উন্নয়ন চুক্তি সম্পাদন এবং সমঝোতা স্মারক সংক্রান্ত কার্যক্রম পরিচালনা। কৃষি পণ্যের উৎপাদন এবং বিপণন সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করাও এই শাখার কাজ। এই সমস্ত তথ্য উপাত্ত সংগ্রহের জন্য এই উইং কে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, তুলা উন্নয়ন বোর্ড, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, MMIS, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ইত্যাদি সংস্থাসমূহের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে হয়। তাছাড়া অন্যান্য মন্ত্রণালয় যেমন: অর্থ মন্ত্রণালয়, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, বন ও পরিবেশ মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, খাদ্য পরিকল্পনা এবং মনিটরিং কমিশনসহ বিভিন্ন দাতা সংস্থার সাথে নিবিড়ভাবে যোগাযোগ রক্ষা করতে হয়। কৃষি পণ্যের জন্য দেশীয় এবং আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণ এবং ঋণ সংক্রান্ত নীতিমালা প্রণয়নের জন্য বিশ্ব বাণিজ্য সংস্থার সাথে কাজ পরিচালনা করতে হয়। কৃষি নীতি এবং আইন বাস্তবায়ন, খাদ্য আমদানী, মজুদ ও মূল্যের ডাটা সংগ্রহ ইত্যাদি কাজের পরীবিক্ষণও এই উইং থেকে সম্পন্ন করা হয়ে থাকে। খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি সংক্রান্ত বিষয়াদিও এই উইং থেকে পরিচালিত হয়ে থাকে।

**সম্প্রসারণ উইং**

**মোঃ হাসানুজ্জামান কল্লোল**
অতিরিক্ত সচিব
টেলিফোন : ৯৫৪০০২১ (অফিস)
মোবাইল : ০১৭১৪৪৫২৩১৫
ফ্যাক্স : ৯৫৪০১৮৫
ইমেইল : addlsecyext@moa.gov.bd

এই উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ক্যাডার কর্মকর্তাদের প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা (অর্গানোগ্রাম পুনর্গঠন ও নিয়োগ বিধিমালা, নিয়োগ, পদায়ন, বদলী, অবসর-উত্তর-ছুটি ও পেনশন মঞ্জুর, প্রশিক্ষণ, পদোন্নতি ইত্যাদি) প্রেষণ, উচ্চ শিক্ষার অনুমোদন, শৃঙ্খলামূলক কার্যক্রম এবং ডিএই'র চলমান প্রকল্পসমূহের জনবল নিয়োগ, পদ সংরক্ষণ এবং ডিএই'র সমাপ্ত প্রকল্পসমূহ হতে রাজস্ব খাতে পদ স্থানান্তর/সৃজন কার্যক্রম পরিচালনা করে থাকে। এছাড়াও অন্যান্য কার্যক্রম নিম্নরূপ:

- জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, বাংলাদেশ কর্ম-কমিশন সচিবালয়, বাণিজ্য মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয় ও অন্যান্য মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় পত্র যোগাযোগ।
- মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট এর ক্যাডার কর্মকর্তাদের এবং কৃষি তথ্য সার্ভিস ও বীজ প্রত্যয়ন এজেন্সিতে পদায়িত ডিএই'র ক্যাডার কর্মকর্তাদের প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা (নিয়োগ, পদায়ন, বদলী, প্রশিক্ষণ, পদোন্নতি ইত্যাদি), ছুটি, প্রেষণ, উচ্চ শিক্ষার জন্য অনুমোদন, শৃঙ্খলামূলক কার্যক্রম এবং অবসর-উত্তর-ছুটি ও পেনশন মঞ্জুর।
- এসআরডিআই, কৃষি তথ্য সার্ভিস ও বীজ প্রত্যয়ন এজেন্সির অর্গানোগ্রাম পুনর্গঠন ও নিয়োগ বিধিমালা সম্পর্কিত কার্যক্রম।

**গবেষণা উইং**
কমলারঞ্জন দাশ
অতিরিক্ত সচিব
ফোন : ৯৫৪০১৩০ (অফিস)
মোবাইল : ০১৭১২২১৮৮৩২
ফ্যাক্স: ৭১৬৩৭৯৯
ই-মেইল : addlsecyres@moa.gov.bd

গবেষণা উইং গবেষণা ইনস্টিটিউটসমূহ যেমন: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (বিআরআরআই), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই), বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই), বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান), তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি)-এর প্রশাসনিক ও কর্মকর্তা-কর্মচারীদের ব্যবস্থাপনা বিষয়ক কাজ করে। সংস্থাসমূহের বিভিন্ন প্রকল্পের আর্থিক বরাদ্দের কাজও করে। এসব গবেষণা প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীদের শূন্যপদ পূরণ, পদোন্নতি, মামলা-মোকাদ্দমা এবং অন্যান্য প্রশাসনিক কাজ-কর্ম মনিটরিং করা এবং অন্যান্য সংস্থাসমূহ ও অর্থ মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করা এ উইং-এর আওতাধীন।

**বীজ উইং**
..................
মহাপরিচালক(বীজ)
ফোন : ৯৫৪০১২০ (অফিস)
ফ্যাক্স: ৭১৬৩৭৯৯
ই-মেইলঃ dgseed@moa.gov.bd

বীজ প্রত্যয়ন এজেন্সী (এসসিএ) এর প্রশাসনিক কর্তৃপক্ষ হচ্ছে বীজ উইং, কৃষি মন্ত্রণালয়। বীজ প্রত্যয়ন এজেন্সীর পারসোনাল ম্যানেজমেন্ট ও অর্থ ছাড় করণের সাথে বীজ উইং জড়িত। বীজ উইং জাতীয় বীজ বোর্ডের সাচিবিক কর্ম-কান্ডের সাথে জড়িত এবং নিয়ন্ত্রিত ও অনিয়ন্ত্রিত ফসলের জাত নিবন্ধন করা হয়ে থাকে। বীজ ডিলার রেজিস্ট্রেশন দেয়ার পাশাপাশি বীজ সংক্রান্ত অনিয়মসমূহ তদন্ত করা হয়। বীজ সংক্রান্ত আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন, সংশোধন এবং এ সংক্রান্ত বিষয়গুলো বীজ উইং মনিটরিং করে থাকে। বীজ পেশার সাথে জড়িত ব্যক্তিদেরকে বীজ প্রযুক্তি এবং প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বাড়ানো হয়। বীজ উৎপাদন, আমদানি, সরবরাহ ও বীজ সংক্রান্ত প্রকল্প প্রণয়নে বীজ উইং অগ্রণী ভূমিকা পালন করে। এছাড়া ব্রিডার বীজ, ভিত্তি বীজ, প্রত্যয়িত বীজ ও মান ঘোষিত বীজের উৎপাদন ও সরবরাহ পরিমাণ নির্ধারণে বীজ উইং কার্যকর ভূমিকা পালন করে থাকে।

**পরিকল্পনা উইং**
ড. মোঃ আবদুর রৌফ
অতিরিক্ত সচিব
ফোন (অফিস): ৯৫৪০১৬১
মোবাইল: ০১৮২৪৬২৬৫৭৫
ফ্যাক্স: ৯৫৫৫৮১৪
ই-মেইল: jcplan@moa.gov.bd

কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং কৃষি খাতের বিশেষ করে ফসল উপ খাতের উপযুক্ত বিনিয়োগ ক্ষেত্র চিহ্নিত করে থাকে। এ মন্ত্রণালয়ের আওতায় বিভিন্ন সংস্থার বিনিয়োগ প্রকল্প অনুমোদন, প্রক্রিয়াকরণ,পরিবীক্ষণ এবং মূল্যায়ন সংক্রান্ত কার্যাদি এ উইং থেকে সম্পাদন করা হয়। পরিকল্পনা উইং অন্যান্য মন্ত্রণালয় ও বিভাগের কৃষি সংশ্লিষ্ট প্রকল্পের বিষয়ে মতামত প্রদান এবং সমন্বয়ের কাজও করে থাকে। এছাড়া বিভিন্ন এনজিও কর্তৃক গৃহীতব্য প্রকল্পের উপর মতামত প্রদান করা হয়। উন্নয়ন প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি মনিটরিং এর বিষয়ে পরিকল্পনা উইং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে উন্নয়ন প্রকল্পের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় প্রকল্প সংশ্লিষ্ট তথ্যাদি উপস্থাপন করা হয়। এ উইং থেকে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য তথ্যাদির উপর বিভিন্ন প্রতিবেদন সংশ্লিষ্ট অন্যান্য বিভাগ ও মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। বিশেষ করে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর, ডিভিশন, আইএমইডি, অর্থ বিভাগ, ইআরডি, সংসদীয় কমিটি ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিয়মিত প্রকল্প বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করা হয়।

কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) প্রণয়ন এ উইং এর অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব। বিভিন্ন প্রকল্পের অনুকূলে এডিপি/আরএডিপিতে বরাদ্দকৃত অর্থ ছাড় করার কাজটিও এ উইং থেকে সম্পাদন করা হয়ে থাকে। বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের তালিকা প্রণয়ন,উন্নয়ন সহযোগীদের সাথে প্রকল্পের অর্থায়নের বিষয়ে আলোচনা ও ইআরডি কর্তৃক উন্নয়ন সহযোগীদের সাথে চুক্তি সম্পাদনে সার্বিক সহযোগিতা এ উইং থেকে প্রদান করা হয়।

**নিরীক্ষা উইং**

মোঃ রেজাউল করিম
অতিরিক্ত সচিব
টেলিফোন: ৯৫৭৭৪১২ (অফিস)
ফ্যাক্স : ৭১৬৩৭৯৯
মোবাইল : ০১৭৯০৪৪৯৯২৬
ইমেইল : addlsecyaudt@moa.gov.bd

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক উত্থাপিত অডিট আপত্তিসমূহ পরিবীক্ষণের দায়িত্ব অডিট উইং এর। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অডিট উইং কৃষি মন্ত্রণালয়, সংশ্লিষ্ট সংস্থাসমূহ এবং মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের মধ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ এবং অনিষ্পত্তিকৃত অডিট আপত্তির বিষয়ে সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটিতে প্রতিবেদন দাখিল করে থাকে। অডিট উইং অডিট আপত্তি সংশ্লিষ্ট তথ্যাদি সংগ্রহপূর্বক ব্রডসিট জবাবে সন্নিবেশিত করে প্রাসঙ্গিক প্রমাণকসহ মাসিক অডিট আপত্তি সংক্রান্ত সভায় উপস্থাপন করে। এ ছাড়া নিষ্পত্তিকৃত, নতুন ও অনিষ্পত্তিকৃত আপত্তির বিষয়ে মাসিক, ত্রৈমাসিক ও ষন্মাসিক প্রতিবেদন প্রস্তুত এবং মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের নিকট উপস্থাপনের লক্ষ্যে খসড়া আপত্তি প্রতিবেদন প্রস্তুত করে।

**কৃষি নীতি সহায়ক ইউনিট (আপসু)**

মহাপরিচালক (আপসু)
উপগবেষণা পরিচালক
মোঃ মসীহুর রহমান
টেলিফোন : +৮৮০২-৯১৪১৯৭৬ (অফিস)
মোবাইল : ০১৭১১৩৮৪৩০৩
ই-মেইল : mmrp_99@yahoo.com

বাংলাদেশের খাদ্য নিরাপত্তা ও কৃষি ক্ষেত্রের গুরুত্ব বিবেচনা করে এ খাতের নীতিগত বিভিন্ন বিষয়ে বিস্তারিত বিশ্লেষণমূলক কার্যক্রম গ্রহণের জন্য এবং কৃষি মন্ত্রণালয়ে নীতি নির্ধারকদের সিদ্ধান্ত গ্রহণে সহায়তার উদ্দেশ্যে কৃষি মন্ত্রণালয়ে Agricultural Policy Support Unit (APSU) প্রতিষ্ঠা করা হয়েছে। International Food Policy Research Institute (IFPRI) এর প্রাথমিক সহায়তায় কৃষি মন্ত্রণালয়ে APSU প্রতিষ্ঠার লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় এবং IFPRI-এর মধ্যে গত ৩০ জানুয়ারি ২০১৩ তারিখে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) ৬ ফেব্রুয়ারী ২০১৩ তারিখে মাননীয় কৃষি মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

**আপসুর মিশন স্টেটমেন্ট:** খাদ্য নিরাপত্তা অর্জনের লক্ষ্যে কৃষিজ উৎপাদন ও আয় বৃদ্ধিকরণ ও টেকসইকরণে প্রমাণ ভিত্তিক নীতি নির্ধারণ।

-১৩৭-

## দপ্তর/সংস্থার তথ্য:

| ক্র.নং | দপ্তর/সংস্থা | ঠিকানা | যোগাযোগ |
|---|---|---|---|
| ০১ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) (DAE) | www.dae.gov.bd | খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫<br>ফোন: +৮৮০২-৫৫০২৮৩৬৯, +৮৮০২-৫৫০২৮৩৭০<br>ফ্যাক্স: +৮৮০২-৯১১১৫০২<br>ইমেইল info@dae.gov.bd |
| ০২ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)(BADC) | www.badc.gov.bd | কৃষি ভবন ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০<br>ফোনঃ পিএবিএক্সঃ ৯৫৫৬০৮০-৭<br>ফ্যাক্স: +৮৮০২-৯৫৬৪৩৫৭<br>ই-মেইলঃ info@badc.gov.bd |
| ০৩ | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)(BARC) | www.barc.gov.bd | ফার্মগেট, ঢাকা-১২১৫<br>ফোন: +৮৮০-২-৪৮১১৭৯৩৫, +৮৮০-২-৪৮১১৭৯১৬<br>ফ্যাক্স: +৮৮০-২-৪৮১১৭৯১৫<br>ইমেইল ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd |
| ০৪ | বাংলাদেশ কৃষি গবষেণা ইনস্টিটিউট (বারি) (BARI) | www.bari.gov.bd | জয়দেবপুর, গাজীপুর<br>ফোন: ৪৯২৭০০৪১-৮<br>ফ্যাক্স: +৮৮০২-৪৯২৭০২০১<br>ইমেইল dg.bari@bari.gov.bd |
| ০৫ | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটউট (ব্রি) (BRRI) | www.brri.gov.bd | জয়দেবপুর, গাজীপুর-১৭০১<br>ফোন নং- ৮৮০-২-৪৯২৭২০০৫-৯; ৪৯২৭২০১০-৩৮; ৪৯২৭২০৫৬<br>ফ্যাক্স: +৮৮০২-৪৯২৭২০০০<br>ই-মেইলঃ dg@brri.gov.bd, brrihq@yahoo.com |
| ০৬ | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) (BJRI) | www.bjri.gov.bd | মানিকমিয়া এভিনিউ, ঢাকা<br>ফোন: ০২-৪৮১১৮৯৮৪<br>ফ্যাক্স: ৯১১৮৪১৫<br>ইমেইল dg@bjri.gov.bd |
| ০৭ | বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআরআই) (BSRI) | www.bsri.gov.bd | ঈশ্বরদী, পাবনা<br>ফোন: ০২-৫৮৮৮৪৬৬২৮<br>ফ্যাক্স: ০২-৫৮৮৮৪৬৮৮৮<br>ইমেইল bsri@bsri.gov.bd, bsridg123@gmail.com |
| ০৮ | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) (BINA) | www.bina.gov.bd | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস, ময়মনসিংহ<br>ফোন: ৮৮০-৯১-৬৭৮৩৪, ৮৮০-৯১-৬৭৮৩৫<br>ফ্যাক্স: ৮৮০-৯১-৬৭৮৪২<br>ইমেইল dg@bina.gov.bd |
| ০৯ | তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি) (CDB) | www.cdb.gov.bd | খামারবাড়ি, ঢাকা<br>ফোন: ০২৫৫০২৮৩৬৭<br>ইমেইল ed@cdb.gov.bd |
| ১০ | কৃষি তথ্য সার্ভিস (এআইএস) (AIS) | www.ais.gov.bd | খামারবাড়ি, ঢাকা<br>ফোন: ৫৫০২৮২৬০<br>ইমেইল dirais@ais.gov.bd |
| ১১ | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) (NATA) | www.nata.gov.bd | জয়দেবপুর, গাজীপুর<br>ফোন: ০২-৪৯২৭২১০৪<br>ইমেইল dgnata14@gmail.com |
| ১২ | কৃষি বিপণন অধিদপ্তর (ড্যাম) (DAM) | www.dam.gov.bd | খামারবাড়ি, ঢাকা<br>ফোন : ০২-৫৫০২৮৪৫৫<br>ই-মেইল : dg@dam.gov.bd |
| ১৩ | বীজ প্রত্যয়ন এজেন্সী (এসসিএ) (SCA) | www.sca.gov.bd | জয়দেবপুর, গাজীপুর<br>ফোন: +৮৮০২-৪৯২৭২২০০<br>ইমেইল director@sca.gov.bd |

F:\proholad kumar\তথ্য অধিকার আইন\তথ্য অধিকার আপডেট\দপ্তর ও সংস্থা.docxF:\proholad kumar\তথ্য অধিকার আইন\তথ্য অধিকার আপডেট\দপ্তর ও সংস্থা.docx

| | | | |
|---|---|---|---|
| ১৪ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) (BMDA) | www.bmda.gov.bd | ঠিকানা:বরেন্দ্র ভবন, প্রধান কার্যালয়, সেনানিবাস সড়ক, আমবাগান, জিপিও-৬০০০, রাজশাহী।<br>ফোন: ০২-৫৮৮৮৬২৬৬৮<br>ইমেইল bmdahq@bmda.gov.bd |
| ১৫ | বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) (BIRTAN) | www.birtan.gov.bd | মানিকমিয়া এভিনিউ, ঢাকা<br>ফোন: ০১৫৫৮৩০২৭১৬, ০১৮৪৭৪৩৪৩৫৩<br>ইমেইল ed@birtan.gov.bd |
| ১৬ | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (এসআরডিআই) (SRDI) | www.srdi.gov.bd | কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা<br>ফোন: ০২-২২২২৪২২২১<br>ফ্যাক্স: ০২-৯১১০৮৪৪<br>ইমেইল dg@srdi.gov.bd |
| ১৭ | বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (BWMRI) | www.bwmri.gov.bd | নশিপুর, দিনাজপুর<br>ফোন: ০২-৫৮৮৮১৭৭৩০<br>ফ্যাক্স: +৮৮০২-৯১১১৫০২<br>ইমেইল dg.bwmri@gmail.com |

৪

-১০৭-

## তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী কৃষি মন্ত্রণালয়ের তথ্যের ক্যাটালগ

| ক্র: নং | প্রকাশযোগ্য তথ্যের বিষয় | তথ্যের শ্রেণি |
|---|---|---|
| ১ | কৃষি মন্ত্রণালয়ের আইন ও বিধিমালা সংক্রান্ত | ক শ্রেণি |
| ২ | কর্মকর্তাদের বদলি/পদায়ন, শ্রান্তি বিনোদন ছুটি, বিভিন্ন সভা/সেমিনার/কমিটিকে কর্মকর্তা মনোনয়ন, কর্মবণ্টন, কেপিআই প্রশিক্ষণ সংক্রান্ত | গ শ্রেণি |
| ৩ | মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সভা/সেমিনার, নৈমিত্তিক ছুটির হিসাব সংরক্ষণ, আর্থিক মঞ্জুরী, পুরস্কার | ঘ শ্রেণি |
| ৪ | বাসা বরাদ্দ | খ শ্রেণি |
| ৫ | দাপ্তরিক টেলিফোন বরাদ্দ | খ শ্রেণি |
| ৬ | আবাসিক টেলিফোন বরাদ্দ | খ শ্রেণি |
| ৭ | গাড়ি স্টিকার সংক্রান্ত | গ শ্রেণি |
| ৮ | ডিজিটাল সার্ভিস | ঘ শ্রেণি |
| ৯ | বিবিধ যোগাযোগ | ঘ শ্রেণি |
| ১০ | মহান বিজয় দিবস ও স্বাধীনতা দিবস | ঘ শ্রেণি |
| ১১ | বার্ষিক ক্রয় পরিকল্পনা | গ শ্রেণি |
| ১২ | সভার নোটিশ | ঘ শ্রেণি |
| ১৩ | কৃষি মন্ত্রণালয়ের বাজেট | গ শ্রেণি |
| ১৪ | দপ্তর/সংস্থার অর্থ ছাড়ের মঞ্জুরী আদেশ | ঘ শ্রেণি |
| ১৫ | কৃষি মন্ত্রণালয়ের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পন | খ শ্রেণি |
| ১৬ | কর্মসূচির অর্থ ছাড়ের মঞ্জুরী আদেশ | খ শ্রেণি |
| ১৭ | সারের ভর্তুকি | ঘ শ্রেণি |
| ১৮ | মেলা ও প্রদর্শনী | খ শ্রেণি |
| ১৯ | উত্তম চর্চা (Best Practice) সংক্রান্ত। | গ শ্রেণি |
| ২০ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত | ঘ শ্রেণি |
| ২১ | কৃষি মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত | ঘ শ্রেণি |
| ২২ | কৃষি মন্ত্রণালয়ের সিটিজেন চার্টার প্রণয়ন/প্রমার্জন | ঘ শ্রেণি |
| ২৩ | কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন, ২০১৮ | ক শ্রেণি |
| ২৪ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন আইন, ২০১৮ | ক শ্রেণি |
| ২৫ | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ | ক শ্রেণি |
| ২৬ | কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ | ক শ্রেণি |
| ২৭ | বিভিন্ন সারের বিনির্দেশজারী | ক শ্রেণী |
| ২৮ | কৃষি প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অর্থ ছাড় | গ শ্রেণী |
| ২৯ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিসার/কর্মচারীদের নিয়োগবিধিমালা/পদোন্নতি | খ শ্রেণি |
| ৩০ | বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিসার/নন ক্যাডার অফিসার/ কর্মচারীদের বদলি/পদায়ন | গ শ্রেণি |
| ৩১ | বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিসার/নন ক্যাডার অফিসার/ কর্মচারীদের অর্জিত ছুটি/ বহিঃ বাংলাদেশ ছুটি/শ্রান্তি বিনোদন ছুটি | গ শ্রেণি |
| ৩২ | শিক্ষা ছুটি / প্রেষণ/লিয়েন ছুটি মন্জুর | গ শ্রেণি |
| ৩৩ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অফিসার/কর্মচারীদের ভবিষ্যৎ তহবিল অগ্রিম ঋণ মঞ্জুর/ চূড়ান্ত উত্তোলন | গ শ্রেণি |
| ৩৪ | বিসিএস (কৃষি) ক্যাডারের কৃষি বিপণন অধিদপ্তর সংশ্লিষ্ট বিধিমালাসমূহ | ক শ্রেণি |
| ৩৫ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাদের অবসরত্তোর ছুটি (পিআরএল) এবং অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরী আদেশ | ক শ্রেণি |
| ৩৬ | বিসিএস (কৃষি) ক্যাডারভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের অফিসার/নন-ক্যাডার অফিসার/কর্মচারীদের নিয়োগ/ বদলী/ প্রেষণ/ লিয়েন প্রদান সংক্রান্ত আদেশ | ক ও খ শ্রেণি |
| ৩৭ | বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের অফিসার/নন-ক্যাডার অফিসারদের পদোন্নতি/ টাইমস্কেল/উচ্চতর স্কেল/সিলেকশনগ্রেড প্রদান সংক্রান্ত আদেশ | ক ও খ শ্রেণি |
| ৩৮ | কৃষি বিপণন অধিদপ্তরের অফিসার/ কর্মচারীদের গৃহনির্মাণ/ মোটরসাইকেল/ মোটরকার/মোটর গাড়ি/ বাইসাইকেল/ কম্পিউটার অগ্রিম ঋণ প্রদান/মওকুফ সংক্রান্ত আদেশ | খ শ্রেণি |

| ক্র: নং | প্রকাশযোগ্য তথ্যের বিষয় | তথ্যের শ্রেণি |
|---|---|---|
| ৩৯ | বিশ্ব মৃত্তিকা দিবস, জাতীয় সবজি মেলা, জাতীয় মৌ মেলা, জাতীয় কৃষি যন্ত্রপাতি মেলা আয়োজন সংক্রান্ত কার্যাবলী, বিশ্ব খাদ্য দিবস | খ শ্রেণি |
| ৪০ | দপ্তর/সংস্থার সমন্বয় সভার কার্যক্রম | গ শ্রেণি |
| ৪১ | বৈদেশিক প্রশিক্ষণে প্রার্থী প্রেরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম | |
| ৪২ | মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণ/ইন-হাউজ প্রশিক্ষণের সকল কার্যক্রম | |
| ৪৩ | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গঠিত কমিটিতে সদস্য হিসেবে ও বিভিন্ন সভা/সেমিনার/কর্মশালা/সিম্পোজিয়াম ইত্যাদিতে মন্ত্রণালয়ের প্রতিনিধি মনোনয়ন | |
| ৪৪ | দেশের অভ্যন্তরে পিএইচডি সংক্রান্ত সকল কার্যক্রম | |
| ৪৫ | তথ্য অধিকার আইন-২০০৯ এর সকল কার্যক্রম | খ শ্রেণি |
| ৪৬ | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর প্রশাসনিক বিষয়াদি (ক্যাডার কর্মকর্তা ব্যতীত) | |
| ৪৭ | এপিএ এর নির্দেশনা অনুযায়ী সকল প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা/সিম্পোজিয়াম সংক্রান্ত কার্যক্রম | গ শ্রেণি |